গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন শাখা-৭ (প্রশিক্ষণ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mof.gov.bd

**স্মারক নম্বর:** ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০১৩.২৫.২৭৬

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **৩৭তম Budget Management Specialist (BMS) শীর্ষক প্রশিক্ষণ কোর্সে কর্মকর্তা মনোনয়ন।**
সূত্র: আইপিএফ এর স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০২.২৫.০০৩.২৩.২৬৪; তারিখ: ১৩/১১/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতাধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) কর্তৃক আয়োজিত ৩৭তম 'Budget Management Specialist (BMS)' শীর্ষক প্রশিক্ষণ আগামী ১৮ আগস্ট ২০২৫ তারিখ হতে (২০ কার্য দিবসব্যাপী) শুরু হবে।

০২। **কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ**
(ক) প্রশিক্ষণের মেয়াদ ২০ কার্য দিবস।
(খ) মোট ৩০ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে।
(গ) উক্ত কোর্সের মূল্যায়ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ০৭ (সাত) জন প্রশিক্ষণার্থী কর্মকর্তাকে স্বল্প মেয়াদে বিদেশে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হবে।
(ঘ) এ কোর্সটি অনাবাসিক এবং অংশগ্রহণের জন্য কোন ফি প্রদান করতে হবে না। কোর্স সংক্রান্ত যেকোন তথ্যের জন্য জনাব মোঃ সোহাগ হোসেন, সিনিয়র সহকারী সচিব (উপ-পরিচালক, প্রশিক্ষণ), আইপিএফ এর সাথে অফিস চলাকালীন যোগাযোগ করা যাবে (মোবাইল-+880 1816-574056)।

০৩। **আবেদনের শর্তসমূহঃ**
(ক) সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব/উপসচিব অথবা সমপর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত কর্মকর্তাগণ, বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনীতে কর্মরত সমপর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।
(খ) ইতঃপূর্বে যে সকল কর্মকর্তা FEEM বা BMS কোর্সে অংশগ্রহণ করেছেন, তাদেরকে আবেদন করতে নিরুৎসাহিত করা হলো।
(গ) বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অগ্রাধিকার দেয়া হবে।
(ঘ) যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।
(ঙ) মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৪। আগ্রহী কর্মকর্তাকে **আগামী ৩০ জুলাই ২০২৫ তারিখের মধ্যে** যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃ:আ: উপসচিব, প্রশিক্ষণ শাখা], বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি অথবা ই-মেইলে (trainingsection.fd2@gmail.com) নির্ধারিত ফরমে আবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের নির্ধারিত ফরম, বিজ্ঞপ্তির কপি অর্থ বিভাগের ওয়েবসাইটে (www.mof.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।

সংযুক্তি:
১. আবেদন ফরম.docx
২. আবেদন ফরম.pdf.pdf

**সকল সংযুক্তিসমূহ:**

(১) আবেদন ফরম
(২) আবেদন ফরম.pdf

১৪-০৭-২০২৫
মোঃ হুমায়ূন কবির
উপসচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার (সকল)।
৬। জেলা প্রশাসক (সকল)।

**স্মারক নম্বর:** ০৭.০০.০০০০.০০০.১৯০.২৫.০০১৩.২৫.২৭৬/১ (৭)

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, (বাজেট ও সামষ্টিক অর্থনীতি) এবং চেয়ারম্যান, IPF নির্বাহী কমিটি, অর্থ বিভাগ।
২। অতিরিক্ত সচিব, প্রশাসন, পরিকল্পনা ও টিডিএম, অর্থ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ, অর্থ বিভাগ।
৪। একান্ত সচিব (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (পত্রটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ (পত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। সিনিয়র সহকারী সচিব (উপ-পরিচালক), প্রশিক্ষণ, আইপিএফ, সেগুনবাগিচা, ঢাকা।

১৪-০৭-২০২৫
মোঃ হুমায়ূন কবির
উপসচিব